

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৮৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - বিলম্বে আযান

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَصْلَتَانِ مُعَلَّقَتَانِ فِي أَعْنَاقِ الْمُؤذِّنِينَ لِلْمُسْلِمِينَ: صِيَامُهُمْ وَصَلَاتُهُمْ . رَوَاهُ ابْنُ مَاجَه

বাংলা

৬৮৮-[৯] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুসলিমদের দু'টি ব্যাপার মুয়ায্যিনদের ঘাড়ে ঝুলে থাকে। সিয়াম (রোযা) ও সালাত (সালাত/নামায/নামাজ)। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] জাল বা বানোয়াট: ইবনু মাজাহ্ ৭১২, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৯০১। কারণ এর সানাদে "বাকিয়্যাহ্" রয়েছে যিনি একজন মুদাল্লিস রাবী। আর তার শিক্ষক মারওয়ান ইবনু সালিম সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ সে মুনকিরুল হাদীস। আর আবূ আরুরাহ্ এর মন্তব্য হলো, সে একজন মিথ্যুক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুয়াযযিনদের দায়িত্বে রয়েছে এজন্য তারা সালাত (সালাত/নামায/নামাজ) ও রোযাকে সংরক্ষণ করবে (সময়কে সংরক্ষণ করবে)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন